




ISO 9001:2015 Certified



দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
উত্তর গোবিন্দপুর, দিনাজপুর।



টেলিফোন : 02-589924465 (অফিস)
ই-মেইল-dpbsone@gmail.com
ওয়েব সাইট : www.pbs1.dinajpur.gov.bd

স্মারক নং-২৭.১২.২৭৬৪.৫১৮.০১.০০৮.২৩. ২৫৫৬

তারিখ- ১৭ জ্যৈষ্ঠ' ১৪৩০ বঙ্গাব্দ
৩১/০৫/২০২৩ খ্রিঃ

ঝড়ে পড়ে যাওয়া বনজ/ফলজ বৃক্ষের কাঠ বিক্রয়ের নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরের অভ্যন্তরে বিভিন্ন বিল্ডিং সংলগ্ন ইতোমধ্যে কর্তনকৃত নিম্নবর্ণিত গাছের খন্ডসমূহ “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ঠিকাদার এর নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নে গাছের বিবরণ উল্লেখ করা হলো-

ক্রমিক নং	গাছের নাম	গাছের সংখ্যা	কাঠের পরিমাণ (ঘনফুট)	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
০১।	নিম্ন গাছ	০১ টি (০৪ খন্ড)	০৮.২৬		
০২।	মেহগনি	০১ টি (০৭ খন্ড)	২৮.৩৯		
০৩।	সেগুন	০১ টি (০৪ খন্ড)	২৩.১৫		
০৪।	আম গাছ	০১ টি (০৬ খন্ড)	২৫.১২		
০৫।	জালানী	-	৯.০০		
				সর্বমোট মূল্য =	

- আগ্রহী দরদাতাগন আগামী ০৮/০৬/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, উত্তর গোবিন্দপুর, দিনাজপুর অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে। খামের উপরে “নিলামে বিক্রয়যোগ্য গাছের কাঠ ক্রয়ের দরপত্র” লিখতে হবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। একই দিনে ১১.৩৫ ঘটিকার সময় দাখিলকৃত সকল দরপত্র উপস্থিতি দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- দরদাতাকে মোট উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে যে কোন তফসীলী ব্যাংক হতে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া প্রদত্ত দরপত্র সরাসরি বাতিল বলে বিবেচিত হবে।
- উল্লেখিত গাছ সমূহ আগামী ০৭/০৬/২০২৩ খ্রিঃ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে পবিস এর প্রশাসন বিভাগে যোগাযোগ করে পরিদর্শন করা যাবে।
- গাছের নাম, একক দর, দরদাতার নাম ঠিকানা ইত্যাদি সুস্পষ্টভাবে দরপত্রে উল্লেখ করতে হবে।
- সর্বোচ্চ দরদাতা কর্তৃক দরপত্রের সাথে দাখিলকৃত জামানত কালেকশনের পর মালামাল হস্তান্তর সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত জানানোর ১০ (দশ) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য এবং দরপত্রে উদ্ধৃত মোট মূল্যের উপর ১০% উৎসে কর এবং ৭.৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দিনাজপুর পবিস-১ এর অনুকূলে পরিশোধ করে নির্দিষ্ট সময়ের মধ্যে বর্ণিত মালামাল সমূহ নিজ খরচে অত্র সমিতি হতে গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত বাবদ প্রদত্ত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- দরদাতাগণের দাখিলকৃত মোট মূল্যের উপর মূল্যায়ন করা হবে। অর্থাৎ সার্বিকভাবে সর্বোচ্চ দর দাখিলকারী ব্যক্তি/প্রতিষ্ঠান কে নিলামের কার্যাদেশ প্রদানের বিষয়টি নিয়মানুযায়ী বিবেচনা করা হবে।
- কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন একক মূল্যের নিচে দাখিলকৃত নিলাম দরপত্র বাতিল করা হবে।
- শর্ত বহির্ভূত কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।
- কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ/ বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ আবুল মুমিত চৌধুরী)
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)

অনুলিপিঃ নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- জেলা প্রশাসক/পুলিশ সুপার, দিনাজপুর।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর।
- ডিজিএম (সদর-কারিগরি)/রানীরবন্দর/বিরল/বীরগঞ্জ/চিরিবন্দর জোনাল অফিস, দিপবিস-১।
- এজিএম (ওএন্ডএম)/গোদাগাড়ী/বোচাগঞ্জ/কাহারোল/খানসামা সাব-জোনাল অফিস, দিপবিস-১।
- এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), দিপবিস-১।
- এজিএম (আইটি), দিপবিস-১ (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- নোটিশ বোর্ড, দিনাজপুর পবিস-১।
- অফিস কপি / মাষ্টার কপি।

(মোঃ আবুল মুমিত চৌধুরী)
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)